



## রেজিস্ট্রার দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ

ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫

ই-মেইল registrar@jnu.ac.bd



জবি/প্রশা-৩২(৭৯)/২০১০/৭১৭

তারিখ: ০১ ভাদ্র, ১৪২৭ বাং  
১৬ আগস্ট, ২০২০ খ্রি.

পরিচালক/ চেয়ারম্যান

..... ইনস্টিটিউট/বিভাগ  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
ঢাকা।

**বিষয়: আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ইউজিসি/পাব:বিশ্ব:/৫২৬(অংশ-২)/২০১৮/৩১৮০, তারিখ: ০৬ আগস্ট, ২০২০।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মতো পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ দীর্ঘদিন যা বন্ধ থাকায় শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ মারাত্মকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন। এ অনাকাঙ্ক্ষিত অবস্থায় শিক্ষার্থীদের সুবিধার্থে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে online শিক্ষাকার্যক্রম শুরু করার অভিপ্রায়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্য মহোদয়গণের সমন্বয়ে Zoom Cloud – এ এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সম্মানিত উপাচার্যগণের মতামতের ভিত্তিতে online শিক্ষাকার্যক্রমে যাতে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারেন, সে লক্ষ্যে উচ্চগতিসম্পন্ন ইন্টারনেট সুবিধাসহ শিক্ষার্থীদের বিনামূল্যে ডাটা সরবরাহ এবং soft loan/Grants-এর আওতায় Smartphone সুবিধার নিশ্চয়তা বিধানের জন্য কমিশন থেকে মাননীয় শিক্ষামন্ত্রী বরাবর পত্র প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, online শিক্ষাকার্যক্রমে সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আপনার বিভাগের যে সকল শিক্ষার্থীর ডিভাইস ক্রেয়ে আর্থিক সক্ষমতা নেই, শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর নির্ভুল তালিকা আগামী ২০/০৮/২০২০ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

১৬/০৮/২০২০

প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান

রেজিস্ট্রার

ই-মেইল # registrar@jnu.ac.bd

জবি/প্রশা-৩২(৭৯)/২০১০/৭১৭

তারিখ: ০১ ভাদ্র, ১৪২৭ বাং  
১৬ আগস্ট, ২০২০ খ্রি.

### সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ১। পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব দপ্তর, জবি।
- ২। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (উপাচার্যমহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
- ৩। সহকারী পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
- ৪। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

১৬/০৮/২০২০

মোহাম্মদ মশিরুল ইসলাম

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।